দৈনিক বাংলা

তারিখ ... 11. 8. 85 ...
পৃষ্ঠা ... ... ...

021

# অরক্ষিত পাঠ্যবই

গাইবান্ধা ডাকঘরে প্রায় ১ লাখ ৩০ হাজার টাকা মূল্যের পাঠ্যবই বৃষ্টির পানিতে ভিজে ও পোকায় কেটে নষ্ট হয়েছে বলে যে খবর বেরিয়েছে তা খুবই দুঃখজনক এবং সুষ্ঠু সংরক্ষণ ব্যবস্থার অভাব ও অযত্নপরতারই পরিচায়ক। এ সংক্রান্ত দৈনিক বাংলার খবরে বলা হয়েছে, গাইবান্ধা প্রধান ডাকঘর সূত্রে জানা গেছে, তাদের স্থানাভাবজনিত কারণে স্বল্প জায়গাতেই গাদাগাদি করে হাজার হাজার বই রাখতে হয়েছে। ঘরের জানালার ফাঁক এবং চালের ফুটো দিয়ে বৃষ্টি-বাদলার পানি পড়ে এই সব বইয়ের অধিকাংশ ভিজে নষ্ট হয়েছে। তা ছাড়া বিপুল সংখ্যক বই নষ্ট হয়েছে পোকায় কাটার দরুন।

বইপত্র হোক কিংবা অন্য কোনো মালামালই হোক, স্বল্প জায়গায় গাদাগাদি করে রাখলে এবং সেসব বৃষ্টি-বাদলে ভেজার মতো পরিবেশ ও অবস্থা হলে সহজেই ভিজে নষ্ট হবে, পোকায়ও কাটবে, এটাই স্বাভাবিক। গুদাম ঘরে কিংবা অন্যত্র জায়গার অভাবে সুষ্ঠু সংরক্ষণ ব্যবস্থা না থাকার কারণে এবং অযত্ন অবহেলায় বইপত্রসহ কত মূল্যবান জিনিসপত্রই যে আমাদের দেশে নষ্ট হয় তার ইয়ত্তা নেই। কিন্তু প্রশ্ন হলো স্থানাভাব সত্ত্বেও গাইবান্ধা ডাকঘরে এতগুলি পাঠ্যবই এভাবে রাখতে হলো কেন। আমরা আশা করবো এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে, এবং ডাকঘরে পড়ে থেকে বাকি কয়েক লাখ বই যাতে নষ্ট না হয় বোর্ডের তরফ থেকে সে ব্যবস্থাও নেয়া হবে জরুরী ভিত্তিতে।